



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

কৃষি ঋণ বিভাগ

বাংলাদেশ

এসিডি সার্কুলার লেটার নং - ০৩

তারিখ: ১৮/০৮/২০১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সোনালী/ জনতা/ অগ্নী/ রূপালী/ বেসিক/ ব্র্যাক/ আইএফআইসি/ মিডল্যান্ড/ন্যাশনাল ব্যাংক লিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

কর্মসংস্থান ব্যাংক, আইডিএলসি ফাইন্যান্স লিঃ

প্রধান কার্যালয়

ঢাকা/রাজশাহী।

বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% হার সুদে ঋণ প্রদানের লক্ষ্য
পুনঃঅর্থায়ন কর্মসূচী (Refinance Scheme) পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিএফআইডি সার্কুলার নং - ০২ তারিখ: ০২/০৬/২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার এর ৮(খ) নং অনুচ্ছেদটি নিম্নলিখিত অনুচ্ছেদ দ্বারা প্রতিস্থাপিত হবে।

“উক্ত ঋণের জন্য প্রযোজ্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বর্তমানে অনুসৃত অন্যান্য নীতিমালা যেমন আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণের সময়কাল, ঋণ গ্রহীতার যোগ্যতা নিরূপণ, পাস বইয়ের ব্যবহার, ঋণ বিতরণ, ঋণের সম্বৰহার, তদারকি ও আদায় প্রক্রিয়া যথারীতি অনুসৃত হবে। তবে ঋণ প্রদানের ক্ষেত্রে কোনরূপ সহায়ক জামানত গ্রহণ করা যাবে না।”

এ সংক্রান্ত ০২/০৬/২০১৫ তারিখের এসিএফআইডি সার্কুলার নং - ০২ এবং ২৫/০৮/২০১৫ তারিখের এসিডি সার্কুলার লেটার নং- ০৩ এর অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(প্রভাষ চন্দ্র মল্লিক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৮